Total No. of Printed Pages—8

**X/24/B**

**2024**

# BENGALI

( INDIAN LANGUAGE )

**( FOR CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 80
*Pass Marks* : 24

**( FOR CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

**( FOR ALL CATEGORIES OF CANDIDATES )**

*General Instructions* :

(i) The Candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

## বিভাগ—ক

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর : ১×৩ =৩

(ক) _____ থেকে বাই আসছে, কলকাতা থেকে খেমটা আসছে।

( মথুরা / গয়া / বেনারস )

(খ) সেই চাবি লাগাইয়া মৃত্যুঞ্জয় _____ খুলিল।

( দরজাটি / বাক্সটি / আলমারিটি )

(গ) তোতাও বাদ পড়ল না—তাকেও শুধালেন সে কি _____ চায়।

( উপহার / সওগাত / জিনিস )

২। *দু-একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কুঞ্জবিহারীবাবুর পেশা কী?

(খ) মৃত্যুঞ্জয় ধারাগোল গ্রামে কোথায় আশ্রয় নিয়েছিলেন?

(গ) কোরান কোন্ ভাষায় রচিত?

(ঘ) কার নামে জয়রাম তাঁর গরুর বাছুরের নাম রেখেছিলেন?

(ঙ) ‘‘মরার আগেই যদি মরতে পারো তবেই মোক্ষ লাভ।’’ বক্তা কে?

৩। *দু-একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩ =৩

(ক) লক্ষ্মীপেঁচা কোন্ গাছের ডালে বসে ডাকে?

(খ) ‘চল রে অলস কবি’—এখানে অলস কবি কে?

(গ) গাছ থেকে পাকা কুল কে পেড়েছিল?

(ঘ) শূন্যস্থান পূর্ণ কর :

''গুঞ্জরিলে কী উদাত্ত _____
মোর কানে :''

(ঙ) ''মাটিতে নিকানো ঘর''—'নিকানো' শব্দের অর্থ কী?

৪। *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ''বুঝেছি, কিন্তু বন্ধু, যাবার আগে আমাকে শেষ তত্ত্ব বলে যাও।'' বক্তা কে? কাকে কথাগুলো বলেছেন? ১+১=২

(খ) ''বিক্রী করবে, কিন্তু বিস্তর দাম চায়।'' কে বিক্রী করবেন? কত দাম চায়? ১+১=২

৫। *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ''শূন্য জন-কোলাহল কিচিমিচি পাখীদল
সাঁই সাঁই বায়ুর স্বনন।''

কোন্ কবিতার অংশ? কবিতাটির কবি কে? ১+১=২

(খ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কীভাবে কাঁঠাল ছায়ায় আসবেন বলে আশা করেন?

৬। *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) মৃত্যুঞ্জয় কে? সে পূর্বপুরুষের ধন ঐশ্বর্য আহরণের জন্য কী করেছিল, বর্ণনা কর। ১+৭=৮

(খ) 'তোতাকাহিনী' গল্পটির সারাংশ লেখ।

৭। *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) 'গ্রাম্যছবি' কবিতার সারমর্ম লেখ।

(খ) 'রবীন্দ্রনাথ' কবিতার ভাববস্তু বিশ্লেষণ কর।

## বিভাগ—খ

৮। *একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ইন্দ্রনাথ ক্লাসে কী দুষ্টুমি করেছিল?

(খ) হেডমাস্টার মহাশয় ইন্দ্রনাথের মাথায় কোন্ টুপি দেবার আয়োজন করেছিলেন?

(গ) ''রেখে দাও, তোমার ওটা অনেক কাজে লাগবে।'' বক্তা কে?

(ঘ) শ্রীকান্তের সঙ্গে ইন্দ্রনাথের প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল?

(ঙ) ''আর কেন? ও-পাড়া থেকে এ-পাড়ায় আসার এই সোজা পথ।'' বক্তা কে?

(চ) শূন্যস্থান পূর্ণ কর :

''হ্যাঁ রে নবীন, বাঁশি বাজায় কে, _____ ইন্দ্র নাকি?''

৯। *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) মেজদার কঠোর তত্ত্বাবধানে শ্রীকান্ত ও অন্য ভাইদের বিদ্যাভ্যাসের একটি সহজ বর্ণনা দাও।

(খ) শ্রীনাথ বহুরূপী কোথায় বাস করতো? তার কাজ কী ছিল? সে কেন শ্রীকান্তদের বাড়ি এসেছিল? তার উপস্থিতিতে যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা কর। ১+১+১+৫=৮

## বিভাগ—গ

১০। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে কোনো **দুটি**) : ২×২=৪

স্বরাগম; বর্ণবিপর্যয়; দ্বন্দ্ব সমাস; অপিনিহিতি; অভিশ্রুতি।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো **তিনটি**) : ২×৩=৬

কাঁচামিঠা; নীলশাড়ি; সুখদুঃখ; বিপদাপন্ন; উপবন; নবরত্ন; নদীমাতৃক।

(গ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থ-পার্থক্য লেখ (যে কোনো **চারটি**) : ১×৪=৪

অশ্ব—অশ্ম; উদ্যত—উদ্ধত; শীত—সিত; খর—খড়; অংশ—অংস; বিত্ত—বৃত্ত; বাণ—বান।

(ঘ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে দেওয়া বাগ্ধারাগুলি দিয়ে বাক্য রচনা কর (যে কোনো **দুটি**) : ২×২=৪

আষাঢ়ে গল্প; আকাশ ভেঙে পড়া; একাদশে বৃহস্পতি; আকাশ-পাতাল ভাবা; সাপে-নেউলে; আক্কেল-গুড়ুম।

(ঙ) বাক্য সংকোচন কর (যে কোনো **চারটি**) : ১×৪=৪

মুক্তি পাইতে ইচ্ছুক; মনে জন্মে যাহা; যাহা বহিতেছে; সিংহের ডাক; পৃথার পুত্র; তর্কশাস্ত্র জানে যে; কখনও হইবে না যাহা।

## বিভাগ—ঘ

১১। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উত্তর *দুটি* বা *তিনটি* বাক্যের মধ্যে) : ২×৪=৮

১৮৬৩ খ্রীষ্টাব্দের ১২ই জানুয়ারী কলকাতার সিমুলিয়া অঞ্চলের বিখ্যাত দত্ত পরিবারে স্বামী বিবেকানন্দ জন্মগ্রহণ করেন। তাঁর ছোটবেলার নাম বিশ্বেশ্বর, আদরের নাম বিলে, ছাত্রজীবনের নাম নরেন্দ্রনাথ। নরেন্দ্রনাথের পিতার নাম বিশ্বনাথ দত্ত, মাতা ভুবনেশ্বরী দেবী। বালক নরেন্দ্রনাথ ছিলেন দুরন্ত, দুঃসাহসী ও নির্ভীক। অন্যদিকে লেখাপড়ায়ও ছিল তাঁর গভীর অনুরাগ। 'রামায়ণ'-'মহাভারত'-এর কাহিনী, ধর্মীয় উপাখ্যানাদি তাঁকে গভীরভাবে আকর্ষণ করত। তবু নরেন্দ্রনাথ স্বভাব কোমল গ্রন্থকীট বালকমাত্র ছিলেন না, পৌরুষব্যঞ্জক খেলাধুলায়ও তিনি সমান অনুরক্ত ছিলেন।

(ক) স্বামী বিবেকানন্দের জন্ম কত সালে, কোথায় হয়েছিল?

(খ) স্বামী বিবেকানন্দের ছোটবেলার নাম কী ছিল?

(গ) নরেন্দ্রনাথের পিতা ও মাতার নাম কী?

(ঘ) বালক নরেন্দ্রনাথের প্রকৃতি কিরকম ছিল?

১২। নিম্নলিখিত যে কোনো **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) তোমার প্রিয় কবি

(খ) চন্দ্রাভিযানে ভারতের সাফল্য

(গ) বিজ্ঞান, আশীর্বাদ না অভিশাপ

(ঘ) সংবাদপত্র

*অথবা*

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বর্ণনা দাও *অথবা* ছবিটি তোমার মনে যে ভাব ফুটিয়ে তুলেছে তা স্পষ্ট করে লেখ : ১০



*অথবা*

নিম্নলিখিত সংকেত সূত্রগুলি অবলম্বন করে একটি গল্প রচনা কর **( কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য ) :** ১০

দক্ষিণা হিসেবে একটা গরু পেয়ে এক ব্রাহ্মণ বাড়ি ফিরছিল—পথে লাঠি হাতে একজন লোক এসে গরুটা চাইল—নিরুপায় ব্রাহ্মণ গরুটা দিয়েদিল—বিনিময়ে তার লাঠিটা চাইল—লাঠি নিয়ে ব্রাহ্মণ লোকটাকে তাড়াল।

## বিভাগ—ঙ

## ( For Candidates without Internal Assessment )

**১৩।** যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) ''মনে মনে নিজের গালে ঠাস ঠাস করে মারলেন গণ্ডা দুই চড়।'' কে, কেন চড় মারলেন?

(খ) 'আদরিণী' গল্পে উল্লিখিত মেলা দুটির নাম লেখ।

(গ) নবান্ন উৎসব কী?

(ঘ) ''আমি তো ছিলাম ঘুমে''—কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর।

(ঙ) শ্রীনাথ বহুরূপীর পরিচয় দাও।

(চ) ইন্দ্রনাথের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৪। *বারোটি* বাক্যে যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৬×২=১২

(ক) কখন, কীভাবে শঙ্করের সাথে বাবা স্বরূপানন্দ স্বামীর দেখা হয়? সাক্ষাৎকার বর্ণনা কর।

(খ) মেজবাবুর মেয়ের বিয়েতে যাওয়ার জন্য জয়রাম কী উপায় করলেন এবং কেন, আলোচনা কর।

(গ) 'আবার আসিব ফিরে' কবিতার বিষয়বস্তু লেখ।

(ঘ) 'শ্রীকান্ত ও ইন্দ্রনাথ' পাঠ অবলম্বনে ইন্দ্রনাথের চরিত্র বিশ্লেষণ কর।

★ ★ ★